গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-২ শাখা
www.lgd.gov.bd

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

নং -৪৬.০৬৪.০৩২.৩২১.০২.২৭৮.১১- ৯২

তারিখঃ ২৭ পৌষ ১৪৩২
১১ জানুয়ারি ২০২৬

বিষয়: হরিণাকুন্ডু পৌরসভায় কর্মরত কর নির্ধারক জনাব মোঃ শাহিনুর রহমান এর বিরুদ্ধে আচরণ ও শৃঙ্খলা ভঙ্গের দায়ে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

সূত্র: (১) জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ এর পত্র নং-৬১১, তারিখ: ০১/০৯/২০২৫ খ্রি.
(২) হরিণাকুন্ডু পৌরসভা কার্যালয়ের পত্র নং-৩১৭, তারিখ: ০৬/১১/২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সূত্রোস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, হরিণাকুন্ডু পৌরসভায় কর্মরত কর নির্ধারক জনাব মোঃ শাহিনুর রহমান শরীফ ফার্মাসিটিক্যাল লিঃ নামক প্রতিষ্ঠানে দীর্ঘদিন যাবৎ বৈতনিক চাকুরি করে আসছেন। তিনি গত ২৪/০৯/২০১৯ খ্রি. তারিখে উক্ত প্রতিষ্ঠানে Sr. MIO পদে চাকুরির জন্য আবেদন করেন এবং ২৯/০৯/২০১৯ তারিখে নিয়োগপ্রাপ্ত হন। তারপর তিনি উক্ত প্রতিষ্ঠানে যোগদান করেন ও অঙ্গিকারনামায় স্বাক্ষর করেন। কর নির্ধারক জনাব মোঃ শাহিনুর রহমান নিজের একই ঠিকানা ব্যবহার করে অন্য প্রতিষ্ঠানে বৈতনিক চাকুরি করে আসছেন যা পৌর কর্মচারী চাকুরি বিধিমালা ১৯৯২ এর ৩৯ এর উপবিধি ১(খ) এবং ২(খ) আচরণ ও শৃঙ্খলা ভঙ্গের পরিপন্থী। উল্লেখ্য, জনাব মোঃ শাহিনুর রহমান, কর নির্ধারক, হরিণাকুন্ডু পৌরসভা এর নিয়োগকারী কর্তৃপক্ষ পৌরসভা।

০২। এমতাবস্থায়, পৌরসভার কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৯২ অনুযায়ী হরিণাকুন্ডু পৌরসভায় কর্মরত কর নির্ধারক জনাব মোঃ শাহিনুর রহমান এর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

১১.০১.২৬

(মোঃ মোশারেফ হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-২২৩৩৫৫৫৭২
e-Mail: lgpaura2@lgd.gov.bd

প্রশাসক
হরিণাকুন্ডু পৌরসভা
ঝিনাইদহ।

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

F:\Nayan-24\98\Complin\Letter.doc 32

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
স্থানীয় সরকার শাখা
www.jhenaidah.gov.bd

স্থানীয় সরকার বিভাগ
সচিবের দপ্তর

| | |
|---|---|
| ১) অতিরিক্ত সচিব | ১) প্রশাসন |
| ২) মহাপরিচালক | ২) নগর উন্নয়ন |
| ৩) যুগ্মসচিব | ৩) উন্নয়ন |
| ৪) যুগ্মসচিব (পরিকল্পনা) | ৪) পানি সরবরাহ |
| | ৫) উপজেলা অধি |
| | ৬) ইউপি অধিশাখা |
| | ৭) অডিট অধিশাখা |
| | ৮) আইন অধিশাখা |

ডায়েরি নং
তারিখ

স্মারক নম্বর-০৫.৪৪.৪৪০০.০০৭.০৯.০৩৩.২৫-৬১১

তারিখ : ০১ আশ্বিন ১৪৩২
১৬ সেপ্টেম্বর ২০২৫

**বিষয় : হরিণাকুন্ডু পৌরসভায় কর্মরত কর নির্ধারক জনাব মোঃ শাহিনুর রহমান এর বিরুদ্ধে আনীত অভিযোগের তদন্ত প্রতিবেদন।**

সূত্র : ১) স্থানীয় সরকার বিভাগের পৌর-২ সাখার ১২ ডিসেম্বর ২০২৪ তারিখের ৪০.০০৪. ০০২.০১১. ০২.২৭৮. ২০১১-১০০০ নং স্মারক।
২) হরিণাকুন্ডু পৌরসভার ০৬ নভেম্বর ২০২৪ তারিখের ৩১৭ নম্বর স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকে হরিণাকুন্ডু পৌরসভায় কর্মরত কর নির্ধারক জনাব মোঃ শাহিনুর রহমান পৌর কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিত শরীফ ফার্মাসিটিক্যাল লি. নামক প্রতিষ্ঠানে দীর্ঘদিন যাবৎ বৈতনিক চাকুরি করে আসছেন মর্মে প্রশাসক, হরিণাকুন্ডু পৌরসভা কর্তৃক জানানো হয়েছে। একই ঠিকানা ব্যবহার করে অন্য প্রতিষ্ঠানে বৈতনিক চাকুরি করা পৌর কর্মচারী চাকুরি বিধিমালা ১৯৯২ এর ৩৯ এর ২ (ঘ), ২ (৩), ২(৮) ধারা অনুযায়ী আইনত দন্ডনীয় অপরাধ এবং আচরণ ও শৃঙ্খলা পরিপন্থী। উক্ত অভিযোগের বিষয়ে সরেজমিন তদন্ত করে সুস্পষ্ট মতামত দেওয়ার জন্য নিম্নস্বাক্ষরকারীকে বলা হয়। তদন্ত কার্যক্রমের অংশ হিসেবে প্রতিপক্ষের বক্তব্য প্রদানের জন্য নোটিশ প্রদান করা হয়। সে প্রেক্ষিতে ১০-০২-২০২৫ তারিখ প্রতিপক্ষের লিখিত ও মৌখিক জবানবন্দি গ্রহণ করা হয়।

যুগ্ম-সচিব (নঃউঃ-২) এর দপ্তর
স্মাঃ নং ... তাং
১। পৌর-১ শাখা
২। পৌর-২ শাখা
যুগ্ম-সচিব
স্থানীয় সরকার বিভাগ

<u>তদন্তের বিবেচ্য বিষয় :</u>

১. একই ঠিকানা ব্যবহার করে শরীফ ফার্মাসিটিক্যাল লি. নামক প্রতিষ্ঠানে বৈতনিক চাকুরি করেছেন কি না?
২. পৌর কর্তৃপক্ষের অনুমোদন নিয়েছেন কি না?

<u>অভিযুক্ত কর্মচারীর বক্তব্য :</u>
<u>জনাব মোঃ শাহিনুর রহমান, হরিণাকুন্ডু পৌরসভা, হরিণাকুন্ডু, ঝিনাইদহ তার লিখিত বক্তব্য নিম্নরূপ:</u>

আমি মোঃ শাহিনুর রহমান, করনির্ধারক হরিণাকুন্ডু পৌরসভা এই মর্মে লিখিত বক্তব্য জানাচ্ছি যে, আমার বিরুদ্ধে এই মর্মে লিখিত অভিযোগ দাখিল হয়েছে যে, আমি পৌরকর্তৃপক্ষের বিনা অনুমতিতে গত ২০১৯ সাল হতে হরিণাকুন্ডু পৌরসভায় করনির্ধারক পদে কর্মরত থাকা অবস্থায় শরীফ ফার্মাসিউটিক্যাল লি. এ একই ঠিকানা ব্যবহার করে বৈতনিকভাবে অপর একটি চাকুরি করি। আমার বিরুদ্ধে আনিত অভিযোগ হবহু সত্য নয়।

কারণ, ২০১৯ সাল থেকে থেকে পৌরসভায় মাসের পর মাস বেতন বকেয়া পড়ত। যার ফলে পরিবার পরিজন নিয়ে ব্যাপক সমস্যায় দিনাতিপাত করিতে থাকি এবং বেতনের জন্য তৎকালীন সময়ে পৌর মেয়র মহোদয়কে নানাভাবে অনুরোধ করি এবং শরীফ ফার্মাসিউটিক্যাল লি. কোম্পানিতে অবসর সময়ে কাজ করার মৌখিকভাবে অনুমতি চায়। আমার পরিবারের অর্থনৈতিক দূর্গতির কথা বিবেচনা করিয়া বর্ণীত শরীফ ফার্মাসিউটিক্যাল লি. কোম্পানিতে পৌর অফিস সময় শেষ হলে অবসর সময়ে খন্ডকালীন কাজ করার জন্য আমাকে অনাপত্তিপত্র দান করেন। তখন থেকে ঐ কোম্পানিতে শর্ত মেনে কাজ শুরু করি। পরবর্তিতে বিষয়টি আইনসিদ্ধ নয় বলে জানার পর উক্ত কোম্পানির চাকুরী ত্যাগ করি। বর্তমানে আমি দীর্ঘদিন শুধুমাত্র হরিণাকুন্ডু পৌরসভায় করনির্ধারক পদে কর্মরত আছি এবং অন্য কোন চাকুরী করিনা। সে কারণ, আমি আমার অনিচ্ছাকৃত অপরাধ থেকে ক্ষমা চাইতেছি এবং ভবিষ্যতে আমার দ্বারা আর কোন সময় কোন প্রকার আইনভঙ্গ করিবো না মর্মে অঙ্গিকার করিতেছি।

অতএব, মহোদয় সমীপে আমার আকুল আবেদন এই যে, আমার বিরুদ্ধে আনিত অভিযোগ থেকে অব্যাহতি প্রদান করিয়া অপরাধের দন্ডভোগ থেকে মুক্তিদানে বাধিত করিতে একান্ত মর্জি হয়। এই আমার বক্তব্য।

আনুষঙ্গিক কাগজপত্র পর্যালোচনা : অভিযোগ বিবরণীর সাথে দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনা দেখা যায় যে,মোঃ শাহিনুর রহমান, করনির্ধারক, হরিণাকুন্ডু পৌরসভা০১/১০/২০১৯ তারিখ হতে বেসরকারি প্রতিষ্ঠান শরীফ ফার্মাসিটিক্যাল লি. এ সিনিয়র মেডিকেল ইনফরমেশন অফিসার পদে কর্মরত ছিলেন এবং তিনি প্রতিষ্ঠান থেকে বেতন-ভাতাদি গ্রহণ করেছেন। তিনি পৌরসভা থেকে তৎকালীন মেয়রের স্বাক্ষরে একটি অনুমতিপত্র দাখিল করেছেন। পরবর্তীতে হরিণাকুন্ডু পৌরসভার বর্তমান কর্তৃপক্ষ বিষয়টি অবহিত হলে তিনি বেসরকারি চাকুরি ছেড়ে দিয়েছেন। অভিযুক্ত কর্মচারী পৌর কর্মচারী চাকুরি বিধিমালা-১৯৯২ পরিপন্থী কাজ করেছেন মর্মে স্বীকার করেছেন।

নম্বর ... তারিখ
১। যুগ্মসচিব-(নঃউঃ-১/২/৩)
২। উপসচিব/সিঃসহঃসঃ-(সিঃকঃ-১/২)
৩। উপসচিব/সিঃসহঃসঃ-পৌর-১/২)
৪। উপসচিব/সিঃসহঃসঃ-(নঃউঃ-১/২/৩)
অতিরিক্ত সচিব (নঃ উঃ)

**<u>সার্বিক মতামত:</u>** সংশ্লিষ্ট কর্মচারী পৌরসভা থেকে নিয়মিত বেতন না পেয়ে একটি বেসরকারি প্রতিষ্ঠানে বৈতনিক চাকুরি করেছেন। তিনি বৈতনিক চাকুরি গ্রহণের পূর্বে পৌরসভার মেয়রের নিকট থেকে অনুমতি গ্রহণ করেছেন মর্মে অনাপত্তি পত্র দাখিল করেছেন। সার্বিক পর্যালোচনায় সংশ্লিষ্ট কর্মচারীর বিরুদ্ধে আনীত পৌরসভা কর্মচারী চাকুরি বিধিমালা-১৯৯২ এর বিধি ৩৯ এর উপবিধি ২(ঘ), ২(ঙ) ও ২(চ) লঙ্ঘনের বিষয়টি সন্দেহাতীতভাবে প্রমাণিত হয় নি। তবে পৌরসভায় কর্মরত অবস্থায় অন্য প্রতিষ্ঠানে বৈতনিক চাকুরি করার কারণে তিনি বেসরকারি চাকুরিকালীন সময়ে পৌরবাসীকে কোন নাগরিক সেবা প্রদান করেননি। এ বিবেচনায় তিনি পৌরসভা কর্মচারী চাকুরি বিধিমালা-১৯৯২ এর বিধি ৩৯ এর উপবিধি ১(গ) অনুযায়ী সততা, নিষ্ঠা ও অধ্যাবসায়ের সহিত পৌরসভার চাকুরী করেন নি।

ইহা মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১৮/০৩/২০২৫
রথীন্দ্র নাথ রায়
উপপরিচালক, স্থানীয় সরকার
ঝিনাইদহ।
☎০২৪৭৭৭৪৬৯৪১
E-mail: ddlg.jhenaidah@gmail.com

সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(দৃষ্টি আকর্ষণ-উপসচিব, পৌর-২ শাখা

অনুলিপি :: সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো-
০১। জেলা প্রশাসক, ঝিনাইদহ।
০২। প্রশাসক, হরিণাকুন্ডু পৌরসভা, ঝিনাইদহ।
০৩। অফিস কপি/মাস্টার কপি।

২০/০২/২৫

-২৫৪-

জবানবন্দি

আমার নাম মোঃ মাহফুজুর রহমান

আমার পিতার নাম মো: আবু বক্কর জোয়ার্দার

আমি জাতিতে মুসলিম

পুলিশ স্টেশন হরিনাকুন্ডু

আমার বর্তমান বাসস্থান হরিনাকুন্ডু

জেলা ঝিনাইদহ

বয়স ৩৯ বছর

তারিখ ২০/২/২৫

আমি মো: মাহফুজুর রহমান কর নির্ধারক হরিনাকুন্ডু পৌরসভা এই মর্মে লিখিত বক্তব্য জানাচ্ছি যে, আমার বিরুদ্ধে এই মর্মে লিখিত অভিযোগ দাখিল হয়েছে যে, আমি পৌর কর্তৃপক্ষের বিনা অনুমতিতে গত ২০১৯ সাল হতে হরিনাকুন্ডু পৌরসভার কর নির্ধারক ~~পদে~~ পদে কর্মরত থাকা অবস্থায় নাভানা ফার্মাসিউটিক্যাল লি: এ একই ছদ্মনাম ব্যবহার করে সিনিয়র হিসাবে আরও একটি চাকুরি করি। আমার বিরুদ্ধে আনীত অভিযোগ হুবহু সত্য নয়।

কারন, ২০১৯ সাল থেকে পৌরসভায় মাসের পর মাস বেতন বকেয়া থাকে, যার ফলে পরিবার পরিজন নিয়ে খুবই মানবেতর দিনাতিপাত করিতে থাকি এবং বেতনের জন্য তৎকালীন সময়ে পৌর মেয়র মহোদয়কে নানাভাবে অনুরোধ করি, এবং নাভানা ফার্মাসিউটিক্যাল লি: কোম্পানিতে অবসর সময়ে কাজ করার মৌখিকভাবে অনুমতি চাই। আমার পরিবারের অর্থনৈতিক দুরাবস্থার কথা বিবেচনা করিয়া বর্নিত নাভানা ফার্মাসিউটিক্যাল লি: কোম্পানিতে পৌর অফিস সময় শেষ হলে অবসর সময়ে তৎকালীন কাজ করার জন্য আমাকে অনাপত্তি পত্র প্রদান করেন। তখন থেকেই কোম্পানিতে শর্ত মেনে অন্তর্ভুক্ত হই। পরবর্তীতে বিষয়টি আইন সিদ্ধ নয় বলে জানার পর উক্ত কোম্পানির চাকুরী ত্যাগ করি। বর্তমানে আমি [illegible] [illegible] হরিনাকুন্ডু পৌরসভায় কর নির্ধারক পদে কর্মরত আছি এবং অন্য কোন চাকুরী করিনা। সে কারন, আমি আমার অনিচ্ছাকৃত অপরাধের থেকে ক্ষমা চাইতেছি। এবং ভবিষ্যতে আমার দ্বারা আর কোন সময় কোন প্রকার আইন ভঙ্গ করিব না মর্মে অঙ্গীকার করিতেছি।

২০/২/২৫

বারবর,

উপপরিচালক

স্থানীয় সরকার।

জেলা প্রশাসকের কার্যালয়

ঝিনাইদহ।

বিষয় :-বক্তব্য প্রদান প্রসঙ্গে।

সূত্র :-মহোদয়ের স্মারক নং- ০৫. ৪৪. ৪৪০০. ০০৭. ০৭. ০০৩. ২৫ তারিখ : ০৩/০২/২০২৫ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে,আমি মোঃ শাহিনুর রহমান, কর নির্ধারক, হরিণাকুণ্ডু পৌরসভা। আপনার কার্যালয়ে হাজির হয়ে এই মর্মে লিখিত বক্তব্য প্রদান করিতেছি যে, আমার বিরুদ্ধে এই মর্মে লিখিত অভিযোগ দাখিল হয়েছে যে, আমি পৌর কর্তৃপক্ষের বিনা অনুমতিতে গত ২০১৯ সাল হতে হরিণাকুণ্ডু পৌরসভায় কর নির্ধারক পদে কর্মরত থাকা অবস্থায় শরিফ ফার্মাসিটিক্যাল লিঃ এ একই ঠিকানা ব্যবহার করে বৈতনিক ভাবে অপর একটি চাকুরী করি। আমার বিরুদ্ধে আনিত এই অভিযোগ হুবহু সত্য নয়।

কারণ, ২০১৯ সাল থেকে পৌরসভায় মাসের পর মাস বেতন বকেয়া পড়ত। যার ফলে পরিবার পরিজন নিয়ে ব্যাপক সমস্যায় দিনাতিপাত করিতে থাকি এবং বেতনের জন্য তৎকালীন সময়ে পৌর মেয়র মহোদয়কে নানাভাবে অনুরোধ করি। এবং শরিফ ফার্মাসিটিক্যাল লিঃ কোম্পানিতে অবসর সময়ে কাজ করার জন্য মৌখিকভাবে অনুমতি চাই। আমার পরিবারের অর্থনৈতিক দুগর্তির কথা বিবেচনা করিয়া বর্ণিত শরিফ ফার্মাসিটিক্যাল লিঃ কোম্পানিতে পৌর অফিস সময় শেষ হলে অবসর সময়ে খন্ডকালীন কাজ করার জন্য আমাকে অনাপত্তি পত্র দান করেন। তখন থেকে ঐ কোম্পানিতে পৌরসভার শর্ত মেনে কাজ শুরু করি। পরবর্তীতে বিষয়টি আইন সিদ্ধ নয় বলে জানার পর উক্ত কোম্পানির চাকুরী ত্যাগ করি। বর্তমানে আমি দীর্ঘদিন শুধু মাত্র হরিণাকুন্ডু পৌরভায় কর নির্ধারক পদে কর্মরত আছি এবং অন্য কোন চাকুরী করি না। সে কারণ, আমি আমার অনাচ্ছিাকৃত অপরাধ থেকে ক্ষমা চাইতেছি এবং ভবিষ্যতে আমার দ্বারা আর কোন সময় কোন প্রকার আইন ভঙ্গ করিব না মর্মে অঙ্গিকার করিতেছি।

আতএব, মহোদয় সমীপে আমার আকুল আবেদন এই যে,আমার বিরুদ্ধে আনিত অভিযোগ থেকে অব্যাহতি প্রদান করিয়া অপরাধের দন্ডভোগ থেকে মুক্তিদানে বাধিত করিতে একান্ত মর্জি হয়।

বিনীত

(মোঃ শাহিনুর রহমান)

কর নির্ধারক

হরিণাকুণ্ডু পৌরসভা, ঝিনাইদহ।

মোবাইল নং- ০১৭১৬-২৭৬০১৮।

# হরিণাকুণ্ডু পৌরসভা কার্যালয়

" শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরে উন্নতি"

স্থাপিত ঃ ২০০২ ইং

ফোন ঃ ০২৪৭৭৭৫০১৮৪

হরিণাকুণ্ডু ঝিনাইদহ। E-mail : harinakundupourasava@lgd.gov.bd


সূত্র ঃ স্মারক নং- হপৌঃ/প্রশাঃ/২০১৯/ ১৪৭ তারিখ ঃ ০১/০৯/২০১৯

## "অন আপত্তি পত্র"

এই মর্মে অন আপত্তি পত্র প্রদান করিতেছি যে, অত্র পৌরসভায় অর্থনৈতিক সমস্যার কারণে কর্মকর্তা/ কর্মচারীগণের নিয়মিত বেতন ভাতা প্রদান সম্ভব না হওয়ায়, অত্র পৌরসভায় কর নির্ধারক পদে কর্মরত মোঃ শাহিনুর রহমান নিম্নরূপ শর্ত সাপেক্ষে শরিফ ফার্মাসিটিক্যাল লিঃ এ কাজ করলে আমার তথা পৌর কর্তৃপক্ষের কোন আপত্তি নায়।

### শর্তাবলীঃ-

১। পৌর অফিসে নিজ দায়িত্ব যথাযথ ভাবে পালন করতে হবে। অফিস সময়ে কোম্পানির কাজ করা যাবে না।

২। পৌরসভার কোন কাজে অবহেলা পরিলক্ষিত হলে এই অনাপত্তি পত্র বাতিল বলে গন্য করা হবে।

৩। কোন কারণ দর্শানো ছাড়ায় পৌর কর্তৃপক্ষ তাকে কোম্পানির কাজ বন্ধের নির্দেশ প্রদান করতে পারবে এবং এ বিষয়ে কোম্পানির কোন অপত্তি বা অভিযোগ গ্রহণযোগ্য হবে না।

৪। কোনভাবে কোম্পানি তাকে পৌরসভার অফিস সময়ে কোন কাজে বাধ্য করতে পারবে না

৫। বর্ণিত শর্তে কোম্পানির কোন আপত্তি থাকলে এ অনাপত্তি পত্র সরাসরি বাতিল বরে গন্য হবে।

০১/০৯/২০১৯

( মোঃ শাহিনুর রহমান)
মেয়র
হরিণাকুণ্ডু পৌরসভা, ঝিনাইদহ।
ফোনঃ০৪৫২২-৭৪০৮৪।